# মেহমানের মেহমানদারি

বিভাগ/অধ্যায়ঃ মেজবানের করণীয়

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মেজবানের করণীয়

সত্যিকার মুসলিম যখন মেহমান আসে তাতে কোনো প্রকার বিরক্ত হয় না এবং মন খারাপ করে না, বরং সে খুশি হয় এবং মেহমানের সম্মান ও ইজ্জত রক্ষা করে। কারণ, সে জানে মেহমান তার হকই গ্রহণ করবে। মনে রাখবে মেহমানের মেহমানদারি করা ওয়াজিব। মেহমানদারি করা মানবতার দাবি, মেহমান দেখে নাক ছিটকাবে না, খুশি হবে।

লোকমান হাকিম বলেন, চারটি বস্তু থেকে কারোরই অনীহা থাকা উচিৎ নয়, যদিও সে আমীর বা ভদ্রলোক হোক:

১. পিতার সম্মানে জায়গা ছেড়ে দেওয়া।

২. মেহমানের মেহমানদারি করা।

৩. স্বীয় বাহনের পরিচর্যা করা।

৪. আলিমের খেদমত করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10105

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন